
দৈনিক
ইত্তেফাক

তারিখ ... 25 JUN 2007 ...
পৃষ্ঠা ৩ কলাম 2 ...

# ভৈরবের বিভিন্ন স্কুলে লাখ লাখ টাকার অডিও মেশিন পড়ে আছে অবহেলায়

॥ মো: তুহিনুর রহমান, ভৈরব সংবাদদাতা ॥

আধুনিক এবং বিনোদনের মাধ্যমে শিক্ষাদানের জন্য সরকারের দেয়া অডিও কন্ট্রোল মেশিনগুলো ভৈরবের শিক্ষা প্রতিষ্ঠানে ব্যবহার না করার ফলে নষ্ট হয়ে যাচ্ছে। পুরনো শিক্ষাদান পদ্ধতিকে আধুনিক করার লক্ষ্যে জাপান সরকারের অনুদানে উপজেলার বেশিরভাগ বিদ্যালয়ে ওই মেশিন বসানো হয়। যার প্রতিটির দাম ৫ লাখ টাকার বেশি বলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ জানায়।



*ভৈরবঃ একটি স্কুলের অডিও কন্ট্রোল মেশিন* -ইত্তেফাক

শিক্ষা ফ্যাসিলিটিজ বিভাগের সহযোগিতায় ১৯৮১ ও ১৯৮২ সালে ওই মেশিনগুলো বিদ্যালয়ে দেয়া হয়। জাপান সরকারের উপঢৌকন হিসেবে দেয়া হয় ওই সব অডিও কন্ট্রোল মেশিন বাংলাদেশের বেশিরভাগ বিদ্যালয়ের পাশাপাশি বেশকিছু কলেজেও প্রদান করা হয়। এগুলো বসাতেও সরকারের হাজার হাজার টাকা খরচ হয়েছে। কিন্তু অত্যাধুনিক মূল্যবান মেশিনগুলো চালানোর জন্য উপযুক্ত কোনো প্রশিক্ষক দেয়া হয়নি। বিদ্যালয় বা কলেজের কোনো কর্তৃপক্ষকেও দেয়া হয়নি প্রশিক্ষণ। অদক্ষ লোক দিয়ে চালানোর ফলে নষ্ট হয়ে গেছে মেশিনগুলো।

মেশিনগুলোর সুবিধা হচ্ছে, বিদ্যালয়ে একজন শিক্ষকের কোন নির্দেশনা বা উপস্থাপনা একইসঙ্গে অডিও পদ্ধতিতে সব শ্রেণী কক্ষে শোনা যাবে। এছাড়া বিনোদন ও দেশ-বিদেশকে জানার জন্য প্রতিটি মেশিনের সঙ্গে দেয়া হয়েছে ৮ ব্যাণ্ডের অত্যাধুনিক একটি রেডিও সেট। লাখ লাখ টাকার মূল্যবান যন্ত্রপাতিগুলো নষ্ট হলেও কারো মাথা ব্যথা নেই।

সংশ্লিষ্ট সূত্রটি আরো জানায়, সনি কোম্পানির তৈরি ওই মেশিনগুলো এখন বিদ্যালয়ের ছোট কক্ষে অযত্ন-অবহেলায় পড়ে নষ্ট হচ্ছে। এছাড়া অনেক বিদ্যালয় থেকে ইতিমধ্যে মেশিনের যন্ত্রাংশ, সাউণ্ড বক্স রেডিও সেট খোয়া গেছে। আবার অনেক বিদ্যালয়ের শিক্ষক এবং অফিস কর্মকর্তা অত্যাধুনিক ওই সাউণ্ড বক্সগুলো বাড়িতে নিয়ে গেছেন গান শোনার জন্য। বর্তমানে উপজেলার কতগুলো বিদ্যালয়ে কতটি সেট রয়েছে তার কোন খতিয়ান দিতে পারেনি উর্ধতন কর্তৃপক্ষ। তবে তারা জানান, অডিও কন্ট্রোল মেশিনগুলোর প্রতিটির দাম প্রায় সাড়ে ৫ লাখ টাকা।

ভৈরব রেলওয়ে হাইস্কুলের প্রধান শিক্ষক আবদুল মজিদ বলেন, তার বিদ্যালয়ে শিক্ষা উপকরণ হিসেবে অডিও কন্ট্রোল মেশিনগুলো নষ্ট হয়ে গেছে। যন্ত্রপাতিগুলো ভাল থাকলে ছাত্রছাত্রীরা বাড়তি জ্ঞান লাভ করত। তিনি এগুলো মেরামত করে সচলের দাবি জানান, সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছে।

অডিও কন্ট্রোল নিয়ে বর্তমানে ছাত্র-ছাত্রীদের মধ্যে রয়েছে নানা কৌতূহল। ভৈরব রেলওয়ে হাইস্কুলের ছাত্র আরিফ মোল্লা, কে.বি পাইলট হাইস্কুলের ছাত্র পায়েল, রাকিব জানায়, আমরা এখন ছোট, আমরা জানতে চাই অনেক কিছু। তাই সংশ্লিষ্ট মন্ত্রণালয়কে অনুরোধ করছি, আমাদের জন্য আবার চালু করা হোক অডিও কন্ট্রোল মেশিনগুলো।